গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
পরিকল্পনা-৩ শাখা

"ডাইফ আধুনিকায়ন এবং ১৩ টি জেলা কার্যালয় স্থাপন" প্রকল্পের প্রজেক্ট স্টিয়ারিং কমিটি (পিএসসি)'র ৬ষ্ঠ সভার কার্যবিবরণী।

---

| | |
|---|---|
| সভাপতি | মোঃ এহছানে এলাহী<br>সচিব |
| সভার তারিখ | ২১ ডিসেম্বর ২০২২ |
| সভার সময় | ১১.০০ ঘটিকা |
| স্থান | মন্ত্রণালয়ের সভাকক্ষ, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়। |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি সভাকে অবহিতকরণ পূর্বক আলোচনা শুরু করার জন্য প্রকল্প পরিচালককে অনুরোধ জানান। অতঃপর প্রকল্প পরিচালক আলোচ্যসূচী অনুযায়ী আলোচনা শুরু করেন।

**২। আলোচনা:**

**(ক) বিগত পিএসসি সভার কার্যবিবরণী অনুমোদন ও অগ্রগতি পর্যালোচনা**

সভার শুরুতে সভাপতি জানতে চান বিগত ৫ম প্রকল্প স্টিয়ারিং কমিটির (পিএসসি) কার্যবিবরণী ও সিদ্ধান্ত বিষয়ে কারও কোনো আপত্তি আছে কিনা। সভায় সরাসরি উপস্থিত এবং অনলাইনে যুক্ত কেউ কোন আপত্তি উত্থাপন না করায় বিগত স্টিয়ারিং কমিটির সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। অতঃপর সভাপতি পূর্ব সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপনের জন্য প্রকল্প পরিচালককে অনুরোধ জানান।

**(খ) গত পিআইসি সভার কার্যবিবরণীর অগ্রগতি ও সুপারিশ পর্যালোচনা:**

অতঃপর বিগত ৫ম প্রকল্প বাস্তবায়ন কমিটির (পিআইসি) সভার কার্যবিবরণীর অগ্রগতি সভায় উপস্থাপন করা হয়। বিগত পিআইসি সভার সকল সিদ্ধান্ত এবং সুপারিশ বাস্তবায়িত হয়েছে মর্মে সভায় প্রকল্প পরিচালক অবহিত করেন। ডাইফে'র মহাপরিদর্শক গাড়ীর প্রস্তাব বিষয়ে অর্থ বিভাগে নিয়মিত যোগাযোগ রাখার জন্য প্রকল্প পরিচালককে অনুরোধ জানান এবং অর্থ বিভাগ থেকে অনুমোদন পাওয়ার পর দ্রুত সময়ের মধ্যে গাড়ী ক্রয়ের উদ্যোগ গ্রহণের অনুরোধ জানান।

**(গ) প্রকল্প কাজের ভৌত ও আর্থিক অগ্রগতি পর্যালোচনা:**

এ সংক্রান্ত আলোচনার শুরুতেই প্রকল্প পরিচালক প্রকল্পের ভৌত ও আর্থিক অগ্রগতি সভায় উপস্থাপন করেন। তিনি বলেন যে, "কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর আধুনিকায়ন ও শক্তিশালীকরণ এবং ১৩ জেলা কার্যালয় স্থাপন (১ম সংশোধনী)" শীর্ষক প্রকল্পটির প্রথম সংশোধনী মোতাবেক মেয়াদ আগামী ৩১-১২-২০২২ তারিখে শেষ হবে। ১ম সংশোধনী মোতাবেক প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ২৪৪৫০.০০ লক্ষ টাকা। ৩০-১১-২০২২ পর্যন্ত প্রকল্প কাজের ভৌত অগ্রগতি ২৬.৫১% এবং আর্থিক অগ্রগতি ২২৩৬.৮০ লক্ষ টাকা যা ১ম সংশোধনী অনুযায়ী প্রাক্কলিত ব্যয়ের ৯.১৫%। প্রকল্পের মেয়াদ সমাপ্তি তারিখ সমাগত হওয়ায় প্রকল্পের মেয়াদ আরও দুই বছর বৃদ্ধি (ডিসেম্বর, ২০২৪ পর্যন্ত) এবং প্রকল্পের ব্যয় ৪৯২৫.০০ লক্ষ টাকা বা ২০.১৪% বৃদ্ধি করে প্রকল্পের ২য় সংশোধনী আবশ্যক। প্রকল্পে মোট ৫৩টি অঙ্গ রয়েছে যার মধ্যে রাজস্ব খাতে ৪৫টি এবং মূলধন খাতে ৬টি। এছাড়া ফিজিক্যাল ও কন্টিনজেন্সী এই ২ খাতে অর্থের সংস্থান রয়েছে। রাজস্বখাতের ৪৫টি অঙ্গের মধ্যে ২৩টি অঙ্গের এবং ফিজিক্যাল কন্টিনজেন্সী ও প্রাইস কন্টিনজেন্সী অঙ্গের ব্যয় হ্রাস প্রস্তাব করা হয়েছে। সব মিলিয়ে ১ম সংশোধিত ডিপিপি হতে ২য় সংশোধনে সর্বমোট ১০৬৩.৭৬লক্ষ টাকা ব্যয় হ্রাসের প্রস্তাব করা হয়েছে। অন্যদিকে বেতন-ভাতা, অফিসভাড়া ইত্যাদি সহ রাজস্ব

খাতে মোট ৪৫টি অঙ্গের মধ্যে ১২টি অঙ্গের (মুলতঃ বেতন ভাতা সংশ্লিষ্ট) এবং নির্মাণ ব্যয়সহ মূলধন খাতের ৬টি অঙ্গের মধ্যে ৪টি অঙ্গের অর্থ্যাৎ মোট ১৬টি অঙ্গের জন্য ৫৯৮৮.৭৬ লক্ষ টাকা ব্যয় বৃদ্ধি প্রস্তাব করা হয়েছে। সার্বিকভাবে ব্যয় বৃদ্ধির পরিমাণ ৪৯২৫.০০ লক্ষ টাকা। উল্লেখ্য, প্রকল্পের ব্যয় বৃদ্ধি ২৫% এর নীচে হওয়ায় এবং মোট ব্যয় বৃদ্ধির পরিমাণ ৫০.০০ কোটি টাকার নীচে হওয়ায় 'সরকারি খাতে প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ ও অনুমোদন' সংক্রান্ত নীতিমালা, ২০২২ মোতাবেক প্রস্তাবিত এই ২য় সংশোধনী বিবেচিত হলে পরিকল্পনা মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী কর্তৃক অনুমোদিত হবে।

প্রকল্প বাস্তবায়নের গতি সন্তোষজনক কিনা এবং ডিপিপি সংশোধন প্রস্তাব কেন বিলম্বে প্রেরণ করা হচ্ছে এ বিষয়ে সভার সভাপতি জানতে চান। প্রকল্প পরিচালক 'সরকারি খাতে প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ ও অনুমোদন' সংক্রান্ত নীতিমালা, ২০২২ অনুযায়ী প্রকল্প সমাপ্তির অন্তত তিন মাস পূর্বে সংশোধিতব্য প্রকল্প পরিকল্পনা কমিশনে প্রেরণের নিয়ম থাকলেও স্থাপত্য অধিদপ্তর হতে সংশোধিত নকশা প্রস্তুতে সময় প্রয়োজন হওয়ায় এবং সংশোধিত নকশা অনুযায়ী গণপূর্ত অধিদপ্তর হতে ২০২২ সালের রেট শিডিউল অনুযায়ী ব্যয়ের প্রাক্কলন প্রাপ্তিতে সময় প্রয়োজন হওয়ায় সংশোধন প্রস্তাবটি প্রেরণে বিলম্ব হয়েছে মর্মে সভাকে অবহিত করেন।

সভায় উত্থাপিত বিষয়সমূহের উপর বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

**৩। সিদ্ধান্তঃ**

**৬ষ্ঠ পিআইসি সভার সিদ্ধান্তঃ**

ক) প্রকল্পের ২য় সংশোধনী প্রস্তাব অনুমোদনের জন্য অবিলম্বে পরিকল্পনা কমিশনে প্রেরণ করতে হবে। প্রকল্প পরিচালক প্রকল্পের ২য় সংশোধনী অনুমোদনের কাজটি তরান্বিত করার জন্য নিয়মিত পরিকল্পনা কমিশনে যোগাযোগ রক্ষা করবেন। প্রয়োজনে এ কাজে মন্ত্রণালয়ের সহযোগিতা গ্রহণ করবেন;

খ) চলতি অর্থবছরে (২০২২-২৩) এডিপিতে যে বরাদ্দ আছে তা প্রকল্পের বাস্তবায়ন পরিস্থিতি পর্যালোচনা করে যে পরিমাণ অর্থ ব্যয় করা সম্ভব হবেনা তা মন্ত্রণালয় বরাবরে হস্তান্তরের জন্য জরুরী ভিত্তিতে আগামী ২৭/১২/২০২২ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করতে হবে;

গ) প্রকল্পের জনবল সংকটের বিষয়টি জরুরী ভিত্তিতে সমাধানের জন্য প্রয়োজনে মন্ত্রণালয় বরাবরে প্রস্তাবনা প্রেরণ করতে হবে;

ঘ) ভূমি অধিগ্রহণের বিষয়টি তরান্বিত করার জন্য আরো কার্যকরী প্রচেষ্টা গ্রহণ করতে হবে। প্রয়োজনে এ বিষয়ে মন্ত্রণালয়ের সাহায্য গ্রহণ করতে হবে;

ঙ) অর্থ মন্ত্রণালয়ের বাজেট পরিপত্র অনুসরণে জরুরী ভিত্তিতে চলতি অর্থ বছরের (২০২২-২৩) সংশোধিত উন্নয়ন বাজেট বরাদ্দ প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;

চ) ৬টি জেলা কার্যালয় উর্দ্ধমুখী সম্প্রসারণের জন্য ইতোমধ্যে প্রদানকৃত কার্যাদেশ অনুযায়ী সকল কাজ চলতি অর্থবছরে সম্পন্ন করতে হবে।

বাস্তবায়ন: প্রকল্প পরিচালক

৪। অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভায় অংশগ্রহণকারী সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।

মোঃ এহছানে এলাহী
সচিব

স্মারক নম্বর: ৪০.০০.০০০০.০২৮.১৪.০০২.২১.৯২ তারিখ: ১২ পৌষ ১৪২৯

২৭ ডিসেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ

২) সদস্য, কার্যক্রম বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন

৩) সদস্য, শিল্প ও শক্তি বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন

৪) অতিরিক্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), উন্নয়ন অনুবিভাগ, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

৫) মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

৬) যুগ্মপ্রধান , এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ

৭) প্রকল্প পরিচালক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর আধুনিকায়ন ও শক্তশালীকরণ এবং ১৩টি জেলা কার্যালয় স্থাপন, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

৮) যুগ্মসচিব, পরিকল্পনা অধিশাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

৯) উপ সচিব, বাজেট-১৩ শাখা, অর্থ বিভাগ


১০) প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

১১) তত্ত্বাবধায়ক স্থপতি (রুটিন দায়িত্ব), তত্ত্বাবধায়ক স্থপতির দপ্তর, সার্কেল-৬, স্থাপত্য অধিদপ্তর

১২) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পেকু সার্কেল, গণপূর্ত অধিদপ্তর

১৩) সিনিয়র সহকারী সচিব, পরিকল্পনা-৩ শাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

১৪) সচিব মহোদয়ের একান্ত সচিব , সচিবের দপ্তর, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়



এস.এইচ.এম. মাগফুরুল হাসান আব্বাসী

সিনিয়র সহকারী সচিব